

অনলাইন পত্রিকা

সোনালি সকাল ডট কমের প্রথম বর্ষপূর্তি

সাংবাদিকতার আধুনিক মাধ্যম অনলাইনে পরিচালিত বাংলা পত্রিকা সোনালি সকাল ডট কম এর প্রথম বর্ষপূর্তি উপলক্ষে এক বিশেষ সংখ্যার আয়োজন করেছে পত্রিকাটি। প্রতিষ্ঠাবার্ষিকীর দিন ১ সেপ্টেম্বর ২০০৯ থেকে এই বিশেষ সংখ্যা পাঠকরা পড়তে পারবেন।

এশিয়াটিক সোসাইটি অফ বাংলাদেশের প্রেসিডেন্ট ও বাংলাপিডিয়ার প্রধান সম্পাদক ড. সিরাজুল ইসলাম ১ সেপ্টেম্বর ২০০৮ তারিখে এক ঘরোয়া পরিবেশে সোনালি সকালের উদ্বোধন করেন। যাত্রা

করে গত এক বছর ধরে সোনালি সকাল ডট কম দেশ ও প্রবাসের পাঠকদের কাছ থেকে ব্যাপক সাড়া পেয়েছে। প্রতিদিনের গুরুত্বপূর্ণ খবর আপডেট করাসহ এর ভিন্ন স্বাদের ফিচার পাঠকদের দৃষ্টি আকর্ষণ করেছে। গত এক বছরে ঘটে যাওয়া বিশেষ কিছু ঘটনার মধ্যে বিডিআর হত্যাকাণ্ডের তাৎক্ষণিক খবর পরিবেশন ও ভিন্নধর্মী ছবি প্রদানসহ অনেক ক্ষেত্রেই দ্রুত খবর পৌঁছে দিয়ে পাঠকদের আস্থা অর্জন করেছে। সারা পৃথিবী জুড়েই পাঠকরা সোনালি সকাল ব্যবহারের পাশাপাশি এতে সক্রিয় অংশ নিয়েছেন। আমেরিকায় প্রেসিডেন্ট নির্বাচন, সউদি আরবে হজ পালন, কুয়েতের সাংগঠনিক সংবাদসহ নানা ধরনের খবর এখানে তাৎক্ষণিকভাবে সংযুক্ত হয়েছে তাদের সক্রিয় সহযোগিতার ফলে। বর্তমান বিশ্বে সিটিজেন জার্নালিজম বা নাগরিকদের সাংবাদিকতায় অংশ নেয়ার যে আধুনিক ধারা সংযোজিত হয়েছে সেটাই বাস্তবে রূপ পেয়েছে সোনালি সকাল ডট কমে। পৃথিবীর বহুপ্রান্ত থেকে পাঠকরা এতে সাড়া দিয়েছেন। প্রশান্ত মহাসাগরে অবস্থিত মাত্র ২৬ বর্গ কিলোমিটারের স্বাধীন দ্বীপ রাষ্ট্র তুভালু থেকে করে বৃহৎ দেশ আমেরিকা, কানাডা, চায়না, ভারত, অস্ট্রেলিয়া, জাপান, ফ্রান্স, বৃটেন, জার্মানি, ইটালি, স্পেন, সুইডেন, সুইজারল্যান্ড, বেলজিয়াম, হল্যান্ড, সউদি আরব, কুয়েত, কাতার, ওমান, সিরিয়া, ইউনাইটেড আরব এমিরেটস, ইজিপ্ট, ব্রাজিল, আর্জেন্টিনাসহ বিশ্বের বিভিন্ন প্রান্তে বিভিন্ন দেশে পাঠকরা সোনালি সকাল ভিজিট করছেন। বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল থেকেও পাঠকরা সোনালি সকালে লেখা পাঠাচ্ছেন।

অসংখ্য সাক্ষাৎকার, সমকালীন মতামত, ক্যারিয়ার টিপস, কর্পরেট ওয়ার্ল্ড, সাহিত্য, স্পোর্ট, বিনোদন, ফ্যাশন, সংগঠন সংবাদসহ নানা রচনার পাশাপাশি নিয়মিত গুরুত্বপূর্ণ খবরের আপডেট পাঠকদের কাছে প্রিয় হয়ে ওঠেছে। পত্রিকাটির আরেকটি দিক হলো, সোনালি সকালের প্রধান ভূমিকা পালনকারী নিশাত মাসফিকা বাংলাদেশে নিয়মিত অনলাইন পত্রিকার প্রথম নারী সম্পাদক এবং একই সঙ্গে এর টেকনিকাল প্রধানের দায়িত্ব পালন করছেন।

প্রেস বিজ্ঞপ্তি